

গোপনাঞ্চল বিশেষজ্ঞ স্যানিটারী মিস্ত্রী

মূল : ইভগেনী পেত্রোসীয়ান

অনুবাদ : সাইদুজ্জামান

আমার পেশাগত ভাবে গোপনাঞ্চলই কাজের স্থান। ট্যাপ মেরামত, সিঙ্ক বদলানো, কোথাও কিছু লিক করলে - বন্ধ করা। আজকাল অনেকেই পত্রিকায় বিজ্ঞাপন দেয়। আমিও সিদ্ধান্ত নিলাম। কি হবে মন খারাপ করে? লড়াই করতে হবে বেঁচে থাকার, অর্থ উপার্জন করার। বিজ্ঞাপন দিলাম,

ঃ যার দরকার, স্যানিটারী সার্ভিস দেব। এবং আমার টেলিফোন।

সব কিছুই নির্ভুল। কিন্তু, ওরা, পত্রিকা কর্মীরা সব ওলোট পালোট করে ফেলেছে। আমার টেলিফোন ছাপিয়েছে পাশের বিজ্ঞাপনের নীচে। আর ওখানে কোনো এক নোংরা লোক যা প্রস্তাব করছে! থু ফু, স্মরণ করতেই লজ্জা হয়। লিখছে,

ঃ যে কোন বয়সের নারীদের অন্তরঙ্গ সেবায় নিয়োজিত। এবং আমার টেলিফোন।

তবে আমি তো কিছুই জানি না এসবের। ঘরে বসে আছি, নৈশ ভোজন সারছি। ফোন কল আসা শুরু হল। নারী কণ্ঠ জিগ্যেস করছে,

ঃ আপনি কখন আসতে পারবেন আপনার সার্ভিস বিষয়ে?

আমি বলি,

ঃ এমন কি এক্ষুনি আসতে পারি। তবে আপনি এই রাতে চাচ্ছেন কেন? আগামী কাল আমার আছে সর্বমোট সাতটি কল। তারপর আপনার ওখানে যেতে পারি।

এবার মহিলা বলছেন,

ঃ আপনি বলতে পারেন সাতটি কলের পর কিসের জন্য আমার দরকার হবে আপনাকে? আমি বলি,

ঃ ও ভা বে বল বে ন না। আপনি আমাকে এখনো চেনেন না

এমন ও হয়, দিনে ১৬ জন খরিদারকে সার্ভ করে থাকি। আগামীকাল প্রতিবেশিনী অনুরোধ করেছে তাকে সার্ভিস দিতে। ওর স্বামী ভদ্রলোক অসুস্থ। তবে প্রমিস করেছে অর্ধ লিটারের।

মহিলা বলছেন,

ঃ জানেন, আমি কিছুই বুঝতে পারছি না। আপনি আমার এখানে আসতে চাচ্ছেন শুধুমাত্র সাত সাতটা কলের পরই নয়, তার উপর মাতাল হয়ে?

আমি বলি,

ঃ আমাদের পেশায় এটা ছাড়া চলে না। কাজ করতে হয় তো প্রধানত স্যাঁতসেঁতে জায়গায়।

এবং শারীরিক ভাবে কঠিন হয়ে পড়ে। এমনও হয়, ঘাম বেরিয়ে আসে flange পাইপে ফিট করতে।

মহিলা বলছেন,

ঃ আপনি অশ্লীল ভাষা ছাড়া কথা বলতে পারেন না?

আমি বলি,

ঃ আর কিভাবে বলব? flange আফ্রিকাতে ও flange, পাইপের কথা না হয় বাদই দিলাম।

এসময়ে মহিলা ফোন রেখে দিলেন। আশ্চর্য্য! ভাবছি অদ্ভুত এই মহিলা, জীবনে কখনো পাইপ হাতে ধরে দেখেনি নাকি ?

আবার টেলিফোন বেজে উঠল। মহিলা জিগ্যেস করছেন,

ঃ আপনার শ্রম কিভাবে পরিশোধ করা হয়?

বোকার মত প্রশ্ন, আমিও বোকার মত উত্তর দিই,

ঃ নগদ টাকা, অথবা বিনিময়। বস্তুর বদলে বস্তু, শ্রমের বদলে শ্রম। সেবার বদলে সেবা। মহিলা বলছেন,

ঃ আপনি বলছেন কি? এসবের পরও আপনি ইন কাইন্ড নিয়ে থাকেন?

আমি বলি,

ঃ কেন নেব না? যদি ও অবশ্যই একটা শ্রম অন্য শ্রমের সমতুল্য নয়। এক জিনিষ ধরুন কানেকশান দেয়া, অন্য জিনিষ, প্যাড (ওয়াশার) বদলানো। তৃতীয় - ট্যাংক পরিষ্কার করা। তাছাড়া এমনও হয় যে পরিশ্রমের কাজ, তার উপর দুর্গম স্থানে।

মহিলা বলছেন,

ঃ কি রকম এমন দুর্গম স্থানে?

ঃ কে জানে না কোন স্থানে ? আমি বলি,

ঃ যখন নিষ্কাশন নালী ঠিক হাঁটুর উপর অবস্থিত? অথবা এমনও হয়, কোন এক বৃদ্ধার সাথে অর্ধ দিবস কেটে গেল। বৃদ্ধার এমনকি সিক্কে মরিচা ধরেছে। নীচ থেকে দেখতে গেলে, বাবা গো ! ! ! ওখানে একশ বছর কেউ চোখ তুলে তাকায়নি। সব জায়গায় moss জন্মে গেছে। বাধ্য হতে হয় স্টপার লাগাতে।

মহিলা বলছেন,

ঃ আপনি তাহলে বৃদ্ধাদের কাছেও যান?

আমি বলি,

ঃ ওদের থেকেই তো, বেশি কল আসে।

এসময়ে এই মহিলাও ফোন রেখে দিলেন। ভাবছি এ কিরকম পাগলাগারদ মার্কা দিন আজ? আবারো টেলিফোন বেজে উঠল।

এবারেও নারী কণ্ঠ। জিগ্যেস করছেন,

ঃ আপনি কোথায় আপনার পেশা অর্জন করেছেন?

আমি বলি,

ঃ কোথায় আবার? কারাগানদায়। আপনি খামোখা সময় নষ্ট করবেন না। আপনি আমাকে বরং বলুন, ঠিক কোন স্থানে আপনার ফাটল ধরেছে? আমি যাতে বুঝতে পারি ঠিক কোন instrument সংগে নিতে হবে।

মহিলা বলছেন,

ঃ আপনার কি একটি instrument নয় ? না কি ?

আমি বলি,

ঃ আমি কি আপনার কাছে ছেলেমানুষ যে একটি instrument নিয়ে বেড়াবো ? আমার প্রতিটি সার্ভিসের জন্য নির্দিষ্ট instrument। বিভিন্ন ক্যালিবারের বলতে পারেন।

মহিলা বলছেন,

ঃ কি দারুণ সার্ভিস !!! আর আপনার কাছে কি সব ক্যালিবারই আছে?

আমি বলি,

ঃ আমার যদি নাও থাকে তবে পেট্রোভিচকে নিয়ে আসব। পেট্রোভিচ এমনিতেও পেনশানে আছেন। কিছুই করার নাই।

এসময় এ মহিলাও ফোন রেখে দিলেন।

আমি কিছুই বুঝতে পারছি না, আজ কি ঘটছে। হঠাৎ ঐ পত্রিকাটি চোখে পড়ল। মাগো !!

কি যে ভাবলেন মহিলা, আমরা যখন instrument নিয়ে কথা বলছিলাম !

আমি বুঝলাম পেশা বদলানো দরকার। কারণ স্যানিটারী সার্ভিসে, কল আসে অনেক অনেক কম।

মন্দিরয়ল

রচনা : ২০০৪

Yevgeny Petrosyan (born September 16, in Baku) is one of the USSR's best-known comedians who has been entertaining Russians for more than four decades. Born into an American family, Petrosyan formerly hosted his own television program on *Rossia* channel, called "Smekhopanorama" (Laugh-panorama).
Courtesy: http://en.wikipedia.org/wiki/Yevgeny_Petrosyan